## উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ফুলপুর, ময়মনসিংহ।

সভার স্থান : ফুলপুর অফিসার্স ক্লাব মিলানায়তন
সভার তারিখ : ২৯/০৯/২০১৯খ্রি.
সময় : ১১.০০ ঘটিকায়

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে উপজেলা আইসিটি কমিটি এর কার্যপরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনান্ত ও বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উপজেলা আইসিটি কমিটির কার্যক্রমের বিষয়ে সকলের সুচিন্তিত ও মূল্যবান মতামত আহ্বান করা হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে উল্লেখ করা হলো।

২। অত:পর সংশ্লিষ্ট সকলের প্রাণবন্ত আলোচনা, মতামতের ভিত্তিতে উপজেলা আইসিটি কমিটির নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রতি মাসে আইসিটি কমিটির সভা আয়োজন। | সভাপতি বলেন, ফুলপুর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, সমস্যা ও সমাধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে নিয়মিত আইসিটি কমিটির সভা আহবান করা প্রয়োজন। উপজেলা আইসিটি কমিটির সভার নোটিশ সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সদস্যসহ একাদশ জাতীয় সংসদের সকল মাননীয় সদস্যদের নিকট প্রেরণের নির্দেশনা রয়েছে। | ফুলপুর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, সমস্যা ও সমাধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে নিয়মিত আইসিটি কমিটির সভা আহবান করে সভার কার্যবিবণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। প্রতি মাসের উপজেলা আইসিটি কমিটির সভার নোটিশ ও কার্যবিবরণী মন্ত্রণালয় সম্পকিত স্থায়ী কমিটির মাননীয় সদস্যসহ একাদশ জাতীয় সংসদের সকল মাননীয় সদস্যদের নিকট প্রেরণ করতে হবে। | সদস্য সচিব, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি। |
| ০২ | উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদ করণ | উপজেলা পর্যায়ের সকল দপ্তর ও সংশ্লিষ্ট ইউনিয়ন তাদের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের অফিস হেডে নিজস্ব ওয়েব সাইটের ঠিকানা ব্যবহার করা যেতে পারে। নাগরিক সেবার মান বৃদ্ধিতে প্রত্যেক দপ্তরের নোটিশ ও খবর নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করা যেতে পারে। | তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের অফিস হেডে ও উদ্যোগক্তা (সকল), ইউডিসি, ফুলপুর, ময়মনসিংহে নিজস্ব ওয়েব সাইটের ঠিকানা ব্যবহার করতে হবে এবং প্রত্যেক দপ্তরের নোটিশ ও খবর নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | উপজেলার সকল দপ্তর প্রধান ও উদ্যোগক্তা (সকল) ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ফুলপুর, ময়মনষিংহ |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও প্রশিক্ষণের আয়োজন। | সহকারী প্রোগ্রামার বলেন সেপ্টেম্বর/১৯ মাসে ০৪ টি প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করেন। পরিদর্শনের সময় শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের কে আইসিটি বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। ল্যাবে ইনহাউজ প্রশিক্ষণ চলু করার বিষয়ে আলোচনা করা হয়। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রশিক্ষণ চালু রাখতে হবে। | উপজেলা আইসিটি কমিটির সদস্য এবং সহকারী প্রোগ্রামার |
| ০৪ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম | ১। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রান্তিক জনগনকে সেবা প্রদান ব্যপারে আলোচনা করা হয়।<br>২। বিভিন্ন ইউডিসিতে কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ নষ্ট হয়ে আছে বলে উদ্যোগক্তাগণ জানান। | ১। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রান্তিক জনগনকে সেবা দিতে হবে।<br>২। সংশ্লিষ্ট ইউডিসির উদ্যোগক্তাদের কে নিজ খরচে নষ্ট মালামাল মেরামত করার জন্য বলা হয়। | ১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।<br>২। উদ্যোক্তা (সকল) ইউডিসি ও পিডিসি, ফুলপুর, ময়মনসিংহ |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৩। ভাইটকান্দি ইউডিসির উদ্যোক্তা জানান সমাজসেবা ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উপকারভোগীদের সকল ভাতা ইউডিসিতে স্থাপিত ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংক এর মাধ্যমে প্রদান করলে ইউডিসির আয় বৃদ্ধি পাবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।<br>৪। সভাপতি জানান ইউডিসিতে আরোও সেবা মান বাড়ানোসহ আয় বৃদ্ধি করার জন্য আলোচনা হয়। | ৩। সকল ইউডিসিতে সরকার কর্তৃক নিরাপত্তা বেষ্টনি ভাতা ইউডিসির মাধ্যমে প্রদান করার জন্য উপজেলার সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। সকল উদ্যোক্তাদের ইউডিসিতে কার্যক্রম বাড়ানোর জন্য বলা হয়। | |
| ০৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন | মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের কার্যক্রম বাস্তবায়ন ও পরিদর্শন করা এবং প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন করে(MMC) ক্লাসের নিয়মকানুন অবহিত করনের বিষয়ের আলোচনা করা হয়। | মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের কার্যক্রম বাস্তবায়ন ও পরিদর্শন করতে হবে। প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার |
| ০৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুমে ড্যাশ বোর্ডে নিয়মিত রির্পোট আবলোড করণ | ১। সভাপতি জানান সকল শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী আইসিটি শিক্ষক মন্ডলিকে মাল্ডিমিডিয়া ক্লাসরুমের প্রতিদিনের রির্পোট নিয়মিত আপলোড করার জন্য আলোচনা করা হয় এবং শিক্ষক মন্ডলীকে আইসিটি বিষয়ে আরোও জ্ঞান লাভ করার জন্য আলোচনা হয়।<br>২। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ জানান শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি ল্যাবে কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ নষ্ট থাকায় মাল্ডিমিডিয়া ক্লাসরুম ক্লাস নেওয়া সম্ভব হচ্ছে না। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে হাই স্পিট ইনটারেন্ট কানেক্টিভিটি না থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। | ১। সকল শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী আইসিটি শিক্ষক মন্ডলিকে মাল্ডিমিডিয়া ক্লাসরুমের প্রতিদিনের রির্পোট নিয়মিত আবলোড করার জন্য বলা হয় এবং আইসিটি শিক্ষক মন্ডলীকে আইসিটি বিষয়ে আরোও জ্ঞান লাভ করার জন্য সংশ্লিষ্ট প্রধানকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ল্যাবে নষ্ট কম্পিউটার ও অন্যান্য মালামাল জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠানে অর্থায়নে মেরামত করার জন্য সংশ্লিষ্ট প্রধানকে বলা হয়। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ |
| ০৭ | উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ই-ফাইলিং সিস্টেম (ই-নথি) এর ব্যবহার | ইতোমধ্যে উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ শেষ হয়েছে তাদেরকে লাইভ সার্ভারে (nothi.gov.bd) কার্যক্রম শুরুর বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ শেষ হয়েছে তাদেরকে আগামী এক সপ্তাহের মধ্যে লাইভ সার্ভারে (nothi.gov.bd) কার্যক্রম শুরু করতে হব। | উপজেলার সকল দপ্তর প্রধান |
| ০৮ | দাপ্তরিক সকল কাজে অফিসিয়াল ই-মেইল এর যথাযথ ব্যবহার নিশ্চিত করণ। | সরকারি নির্দেশনা মোতাবেক রাষ্ট্রীয় নিরাপত্তার লক্ষ্যে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার পরিহার করে সরকারি ই-মেইল ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক রাষ্ট্রীয় নিরাপত্তার লক্ষ্যে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার পরিহার করে সরকারি ই-মেইল ব্যবহার করতে হবে। | উপজেলার সকল দপ্তর প্রধান |
| ০৯ | উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রশিক্ষণ | উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণের জন্য সপ্তাহে এক দিন করে প্রশিক্ষণের আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণের জন্য সপ্তাহে এক দিন করে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপজেলার সকল দপ্তর প্রধান |
| ১০ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজীরা মেশিন স্থাপন করণ। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজীরা মেশিন স্থাপন করার জন্য আলোচনা হয়। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজীরা মেশিন স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | ইউনিয়ন পরিষদে স্থাপিত POP হতে ইন্টারনেট সংযোগ প্রদান বিষয়ক | আইসিটি বিভাগ কর্তৃক ইউনিয়ন পরিষদে POP স্থাপন করা হয়েছে। উক্ত POP হতে সরকারী, বেসরকারী অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণেরে জন্য নির্দেশনা রয়েছে। এই বিষয়ে পত্র প্ররণ করা যেতে পারে। | উক্ত POP হতে সরকারী, বেসরকারী অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণেরে জন্য পত্র প্রেরণ করতে হবে। | উপজেলার সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। |
| ১২ | বিবিধ | উপজেলা পর্যায়ে সকল দপ্তরের একটি করে সেবা কে ই-সেবা করার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সকল দপ্তরের কার্যক্রম থেকে একটি সেবা কে ই-সেবা করার জন্য নির্বাচন করতে হবে। | উপজেলার সকল দপ্তর প্রধান |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১০/১৯

( মোঃ সাইফুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ফুলপুর, ময়মনসিংহ।

স্মারক নং- ৫৬.০৪.৬১৮১.০০০.৩২.০০৫.১৯- ১০

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০১৯খ্রি:

অনুলিপিঃ সদয় কার্যার্থে এবং জ্ঞাতার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-১৫৫, ময়মনসিংহ -১০ ও মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সর্ম্পকিত স্থায়ী কমিটি।
২। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩২৬, মহিলা আসন-২৬ ও মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সর্ম্পকিত স্থায়ী কমিটি।
৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য )
৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।
৭। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান..........................ইউনিয়ন পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
৯। উপজেলা ........................................................................ অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
১০। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক......................................................................ফুলপুর, ময়মনসিংহ।
১১। ইউডিসি উদ্যোক্তা...................................................ইউনিয়ন পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
১২। অফিস কপি।

০৭/১০/১৯

( হাবিবুল্লাহ )
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ফুলপুর, ময়মনসিংহ।